

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী

বিজ্ঞপ্তি নং- নীঃসংকঃ ৩১৩/২০২৫

www.ngc.edu.bd

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০২ নভেম্বর ২০২৫ খ্রি.

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৪ সালের ৩য় বর্ষ অনার্স (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) পরীক্ষার্থীদের নিম্নবর্ণিত তারিখে সংশোধিত ফি অনুযায়ী ফরম পূরণ সম্পূর্ণ অনলাইনে সম্পন্ন হবে অর্থাৎ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম <https://ems.nu.ac.bd/student-login> থেকে ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।

নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ফি জমার পদ্ধতিঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম ডাউনলোড করার পর পরীক্ষার্থীরা সরাসরি bKash এ Registration No দিয়ে ফরম পূরণের নির্ধারিত টাকা পরিশোধ করবে।

bKash এ Pin দিয়ে Login করে আরো দেখুন ট্যাপ করে এ গিয়ে প্রতিষ্ঠানের নাম বা ধরণ দিন এ টাইপ করে বিল সময়সীমা সিলেক্ট করতে হবে। অতঃপর স্টুডেন্ট আইডি বক্সে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর দিয়ে নির্ধারিত ফি পরিশোধ করলে শিক্ষার্থীর মোবাইল নম্বরে ফরম পূরণের SMS যাবে। এরপর শিক্ষার্থীকে <https://nilgc.eshiksabd.com> এ Login করে এ ক্লিক করে Registration No দিয়ে পূরণকৃত ফরম ডাউনলোড পূর্বক প্রিন্ট করে টাকা জমার রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্র স্ব স্ব বিভাগে জমা প্রদান করতে হবে।

মানোন্নয়ন ফরম পূরণ প্রক্রিয়াঃ <https://nilgc.eshiksabd.com> এ ও দিয়ে সফটওয়্যার এ Login করার পর Improvement Form Fillup এ ক্লিক করে অতঃপর Select Group থেকে Honours সিলেক্ট করে, Select Department থেকে যে বিভাগে ফরম পূরণ করতে চায় তা সিলেক্ট করে Registration দিয়ে Check for Form Fillup এ ক্লিক করতে হবে। এরপর জাতীয় বিশ্বঃ ওয়েবসাইটে যত বিষয়ের মানোন্নয়ন ফরম পূরণ করেছে, এখানেও ততটি বিষয় সিলেক্ট করে তথ্য পূরণ করে Save এ ক্লিক করার পর টাকার পরিমাণসহ পূরণকৃত ভর্তির ফরম আসবে। শিক্ষার্থীরা bKash এর মাধ্যমে উপরে বর্ণিত পদ্ধতি অনুসরণ পূর্বক Form Fillup Reprint মাধ্যমে ডাউনলোডকৃত ফরম প্রিন্ট করে রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্র স্ব স্ব বিভাগে জমা প্রদান করতে হবে।

০১. ফরম পূরণের তারিখ: নিয়মিত পরীক্ষার্থীদের জন্য (সকল বিষয়)ঃ ০৯/১১/২০২৫ ও ১০/১১/২০২৫ খ্রি.

০২. অনিয়মিত ও গ্রেড উন্নয়ন ফরম পূরণের তারিখ (সকল বিষয়) : ১১/১১/২০২৫ খ্রি.

০৩. ফি'র বিবরণী:

ক্রঃনং	পরীক্ষার্থীদের ফি -এর বিবরণ	টাকা
০১	তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে	৩০০/-
০২	তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে	২৫০/-
০৩	ব্যবহারিক (প্রতি পত্র/ কোর্স) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে	৩০০/-
০৪	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী)- বিশ্ববিদ্যালয়ে জমা হবে	১৫০/-
০৫	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থীর জন্য)- কলেজে জমা হবে	৪৫০/-
০৬	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী প্রতি কোর্স)- কলেজে জমা হবে	১৭৫/-
০৭	অনিয়মিত, গ্রেড উন্নয়ন/মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য কোর্স প্রতি ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী- বিশ্ববিদ্যালয়ে জমা হবে	৬০০/-
০৮	২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীর সর্বমোট ফি	৫০০০/-
০৯	C Promoted পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফি'র অতিরিক্ত	১৫০০/-
১০	ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী)- বিভাগে জমা হবে	৫০/-
১১	পরিবহন ফি (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে	৫০/-

অন্যান্য ফি:

বর্তমান পরিপত্র মোতাবেক (৪র্থ বর্ষের জন্য):

বিজ্ঞান অনুষদের জন্য জনপ্রতি ল্যাব ফি ১০০/-,

সকল অনুষদের জন্য শিক্ষা সফর ফি ৭৫/- এবং ইনকোর্স পরীক্ষার ফি

(১ম ও ২য় ইনকোর্স, ৫০+৫০=১০০/- পত্র প্রতি) এবং প্রস্তুতিমূলক পরীক্ষার ফি একত্রে

(পূর্ণ পত্র: ৬০/- ও অর্ধ পত্র: ৫০/- হারে) স্ব স্ব বিভাগ আদায় করবে।


৪. (ক) অনিয়মিত (শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১) শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ফরম ডাউনলোড করে ফরম পূরণের ফি উপরের বর্ণিত পদ্ধতিতে (মানোন্নয়ন ফরম পূরণ প্রক্রিয়াতে উল্লেখিত পদ্ধতি) জমা প্রদান করে স্ব স্ব বিভাগে ফরম ও পে-স্লিপ জমা প্রদান করবে।

(খ) অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের অন্যান্য ফিঃ

যে সকল অনিয়মিত পরীক্ষার্থী ২০২৩ সালে ৩য় বর্ষ অনার্স ফরম পূরণ করে নাই তাদের সেশন ফি'সহ ফরম পূরণ করতে হবে। ২০২৩ সালের বা তার পূর্ববর্তী বছরের (প্রয়োজ্য হলে) অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের প্রমাণ স্বরূপ সকল অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের প্রবেশপত্রের ফটোকপি জমা দিতে হবে।

বিঃদ্র: পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত অন্যান্য নিয়মাবলী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd) প্রকাশিত নোটিশে দেখে নিতে হবে।

প্রতিস্বাক্ষর


(প্রফেসর মোঃ আমিনুল ইসলাম)

অধ্যক্ষ


নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

০১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।

০২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।

০৩। বিভাগীয় প্রধান, _____ বিভাগ, অত্র কলেজ (আবেদন ফরম, বিবরণীসমূহ পরীক্ষার্থীর ধরণ ও রেজিস্ট্রেশন অনুযায়ী সাজিয়ে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট বিভাগ সংরক্ষণ করবে।)


(মোঃ জাহেদুল ইসলাম)

আহবায়ক

অনার্স ৩য় বর্ষ ফরম পূরণ কমিটি/ ২০২৪

নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী।